

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

বিষয়ঃ- মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ৩/০৩/২০২২ খ্রিঃ

সভার সময়ঃ ০২.০০ ঘটিকা।

সভার স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভাপতিঃ জনাব ছালেহা বেগম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট -ক- তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা মৎস্য কর্মকর্তা সভাপতির অনুমোতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

মৎস্য অধিদপ্তরে সার্বিক অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

সভায় সদস্য সচিব ও উপজেলা মৎস্য কর্মকর্তা নিজ বিভাগীয় কর্মকান্ডের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন।

ক) সমন্বিত মৎস্য কর্যক্রমের মাধ্যমে দারিদ্র বিমোচন প্রকল্পের বিতরণকৃত ঋণের অনিয়মিত আদায়।

খ) মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ গ্রহিতাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করণ।

গ) মৎস্য অভায়শ্রম রক্ষণাবেক্ষণ।

ঘ) মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন।

ঙ) মৎস্য চাষী ও মৎস্য জীবীদের প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান।

প্রাণি সম্পদ অধিদপ্তরে সার্বিক অগ্রগতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

সভায় উপজেলা প্রাণি কর্মকর্তা নিজ বিভাগীয় কর্মকান্ডের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন।

ক) প্রাণি সম্পদ অধিদপ্তরের কার্যক্রমের মাধ্যমে দারিদ্র বিমোচন প্রকল্পের বিতরণকৃত ঋণের অনিয়মিত আদায়।

খ) মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ গ্রহিতাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করণ।


ঘ) প্রাণি সম্পদ সংরক্ষণ আইন বাস্তবায়ন।

ঙ) খামারীদের প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান।

খেলাপি ঋণ আদায়ে বিভাগীয় তৎপরতার অংশ হিসেবে নিয়মিত ভ্রমন/তাগদা প্রদান এবং সম্মানিত জনপ্রতিনিধিদের মাধ্যমে খেলাপি ঋণ পরিশোধের বিষয়ে ঋণ গ্রহিতাদের উদ্বুদ্ধ করবেন। সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান উন্মুক্ত জলাশয়ে মৎস্য আহরণে বিশ্বের ৫ম স্থান এবং বন্ধ জলাশয়ে মৎস্য উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান ৪র্থ স্থানে। সরকারের ভিশন ২০৪১ এর অন্যতম সূচক বিশ্বে বাংলাদেশের মৎস্য উৎপাদনে অবস্থান ০২ নম্বরে যাওয়ার প্রত্যয়ে মৎস্য অধিদপ্তর ব্যাপক ভাবে কার্যক্রম চালাচ্ছে। এমতাবস্থায় মৎস্যচাষী ও মৎস্যজীবীদের ব্যাপক ভাবে যুগোপযোগী প্রশিক্ষণের প্রয়োজন। মৎস্য অধিদপ্তর কর্তৃক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের জন্য যে পরিমান বরাদ্দ আসে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল হওয়ায় উপজেলা পরিষদের অর্থায়নে মৎস্যচাষী ও মৎস্যজীবীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণি সম্পদ অধিদপ্তরের মাধ্যমে বাংলাদেশে বর্তমানে মাংস উৎপাদনে সয়ংসম্পূর্ণতা অর্জন করেছে এবং ডিম উৎপাদনে সয়ংসম্পূর্ণতা অর্জনে দারপ্রাপ্তে এমতাবস্থায় নিরাপদ দুধ ডিম ও মাংস উৎপাদনের জন্য খামারীদের প্রশিক্ষণ প্রদানের প্রয়োজন। প্রাণি সম্পদ অধিদপ্তর কর্তৃক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের জন্য যে পরিমান বরাদ্দ আসে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল হওয়ায় উপজেলা পরিষদের অর্থায়নে খামারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

সিদ্ধান্ত : মৎস্য খামারীদের বাণিজ্যিক পদ্ধতিতে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ আয়োজনে উপজেলা পরিষদ, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।
আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ছালেহা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক
উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভা।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯-১২৯

তারিখঃ- ০৩/০৩/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থে :


২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৪। উপজেলা অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। চেয়ারম্যান,ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। সংরক্ষণ নথি।


(তুষার কান্তি বর্মন)
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা মৎস্য কর্মকর্তা
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।